# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৮৩

১৩/ তালাক ও লি'আন (كتاب الطلاق واللعان عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ দাসীদের তালাকের সীমা দুই তালাক।

باب مَا جَاءَ أَنَّ طَلاَقَ الأَمَةِ تَطْلِيقَتَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى النَّيْسَابُورِيُّ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ حَدَّثَنِي مُظَاهِرُ بْنُ أَسْلَمَ، قَالَ حَدَّثَنِي الْقَاسِمُ، عَنْ عَائِشَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " طَلاَقُ الأَمَةِ تَطْلِيقَتَانِ وَعِدَّتُهَا حَيْضَتَانِ " .
قَالَ مُحَمَّدُ بْنُ يَحْيَى وَحَدَّثَنَا أَبُو عَاصِمٍ، أَنْبَأَنَا مُظَاهِرٌ، بِهَذَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ مُظَاهِرِ بْنِ أَسْلَمَ وَمُظَاهِرٌ لاَ نَعْرِفُ لَهُ فِي الْعِلْمِ غَيْرَ هَذَا الْحَدِيثِ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১১৮৩. মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া নীসাপুরী (রহঃ) .... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দাসীদের তালাকের সীমা হল দুই তালাক আর তাদের ইদ্দত হলো দুই হায়য। - ইবনু মাজাহ ২০৮০, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৮২ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া (রহঃ) বলেন, আবূ আসিম সরাসরি মুজাহের থেকেও এ হাদীস বর্ণনা করেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই বিষয়ে আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত এই হাদীসটি গারীব। মুজাহির ইবনু আসলাম ছাড়া আর কারো সূত্রে এটি মারফূরূপে বর্ণিত আছে বলে আমাদের জানা নেই। হাদীস শাস্ত্রে মুজাহির সূত্রে এটি ছাড়া অন্য কোন হাদীস আমাদের জানা নেই। সাহাবী ও অপরাপর আলিমগণের এই হাদীস অনুসারে আমল রয়েছে। এ হলো ইমাম সুফইয়ান ছাওরী, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

## English

Muzahir bin Aslam narrated that Al-Qasim narrated from Aishah that:
The Messenger of Allah said: "The divorce for a slave woman is two divorces, and her Iddah is two menstruations."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18375

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন